

# টাইগার্স এর ফান রেইজিং বার বা কিউ!

সূর্যদয়ে তুমি  
সূর্যাঞ্জেও তুমি  
ও আমার বাংলাদেশ  
প্রিয় জন্মভূমি

ওয়াল্ড কাপ ক্রিকেট ফিভারে আক্রান্ত পুরো সিডনী'র বাংলাদেশী অস্ট্রেলিয়ান কমিউনিটির টাইগার'স সাপোর্টার'রা। গত বছরের ফেব্রুয়ারী থেকে যেই ক্রিকেট ভাইরাস ছড়িয়ে পড়তে শুরু করাছিল, তা এখন মারাত্মক সংক্রামক ব্যাধিতে পরিনত হয়েছে এই বছর। সবখানে কথা একটাই, ক্যানবেরা'য় আপনার সাথে কে যাচ্ছে, আপনার বাসায় কারা আসছে খেলা দেখতে, হ্যামিল্টনে কোথায় থাকবেন?

এই ফিভার'ই রূপ নিল বাংলাদেশী অস্ট্রেলিয়ান কমিউনিটির টাইগার'স সাপোর্টার'দের ফোরাম টাইগার্স! টাইগার্স + ক্যাংগার্স = টাইগার্স!

১ ফেব্রুয়ারী প্যারাম্যাটা পার্কে অনুষ্ঠিত হলো টাইগারস' এর ফান রেইজিং বার বা কিউ! ওয়ার্ল্ড কাপ ক্রিকেট উপলক্ষে অস্ট্রেলিয়ার টাইগার'স সাপোর্টার'দের প্রথম সবার জন্য উন্মুক্ত ছিল এই বার বা কিউ। ১ ফেব্রুয়ারী কাকাতুয়া ডাকা ভোরে প্যারাম্যাটা পার্কে প্রাত্ন হকি খেলোয়াড় আরিফ গাছ বেয়ে উঠে গেল ব্যানার লাগাতে।



আরিফ, দ্য ক্লাইম্বিং টাইগারস!



আগের সপ্তাহ ধরে চলছিল এই প্রস্তুতি। আকাশ ভাইয়ের বাসায় মিনি ভাবী, আকাশ ভাইয়ের সাথে আলাপ করে দিন-ক্ষন ঠিক করা হলো। আকাশ ভাইয়ের বাসাই ছিল এই প্রস্তুতির কেন্দ্রবিন্দু।



তপু আৱ মিনি ভাবী বার বা কিউ'তে ব্যাস্ত

সাথে প্রাক্তন হকি খেলোয়ার আরিফ সাহায্যের প্রতিশ্রূতি দিলেন। শুরু হলো যোগাড়-যন্ত্র; ঢাকা থেকে ডি এইচ এল এ আসলো ব্যানার, ক্যাপ আৱ জাসি। মেহনাজ আৱ অনিক এলো পোটি মাকুয়েরী থেকে! তপু (ডঃ শরিফ উদ দৌলা) আৱ ক্রিকেট প্ৰেমিক রফিক, লিখন আৱ আবৃত্তিকাৰ শাহিন শাহনেওয়াজ এগিয়ে আসলেন খবৰ পেয়ে। মতিন আৱ অমিয়া ভাবী'ও পিছিয়ে থাকলেন না।



আক্সেল'দের আড়া, ব্যাকগ্রাউন্ডে তপু আর সলিল









## টাইগাস বনাম ক্যাঙারুস' এর মধ্যে প্রীতি ক্রিকেট ম্যাচ

যদি কোন এক বা একাধিক কারনে টাইগাস এইবার চ্যাম্পিয়ন নাও হতে পারে, তবুও  
আমরা টাইগাস'কে এই রকম সর্বস্থন সবসময়ই দিয়ে যাব, কারন আমাদের কাছে  
টাইগাস'ই বাংলাদেশ। আর তখন আমরা গাইব'

জিতলেও তুমি  
হারলেও তুমি  
ও আমার বাংলাদেশ  
প্রিয় জন্মভূমি

প্রিয় পাঠক, উপরের কবিতাটি মূল গানের অংশ নয়, বিশ্বকাপ ২০১৫ উপলক্ষে নাজমুল  
আহসান শেখ রচিত রিমিক্স মাত্র।

নাজমুল আহসান শেখ, সিডনী ও ফেডেরেল মার্কিন প্রেস কেন্দ্রের প্রতিনিধি ২০১৫